



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ বগুড়া-৪৫/ ৪১৫

তারিখঃ ২১/০১/২০১৮খ্রিঃ

বিষয় : নং-বামাশিবো/প্রশা/বগুড়া-৪৫/১০৯৬১; তারিখঃ ২২/০১/২০১৭ স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।


সূত্র : রিট পিটিশন নং- ৩১০৬/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন চকপাড়া ওহাবুল উলুম আলিম মাদরাসা পরিচালনার স্বার্থে অত্র বোর্ড হতে নং-বামাশিবো/প্রশা/বগুড়া-৪৫/১০৯৬১; তারিখঃ ২২/০১/২০১৭ স্মারকে “অন্তবর্তীকালীন সময়ে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৯ মোতাবেক সীমিত সময়ের জন্য বিদ্যমান গভার্ণিং বডি দায়িত্ব পালন করবে” মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

উক্ত নির্দেশনার বিরুদ্ধে জনাব মোঃ শামীম হাসান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৩১০৬/২০১৭ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকে বর্ণিত “অন্তবর্তীকালীন সময়ে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৯ মোতাবেক সীমিত সময়ের জন্য বিদ্যমান গভার্ণিং বডি দায়িত্ব পালন করবে” মর্মে নির্দেশনার উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত নির্দেশনার কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

রিট মামলাটি বোর্ডের তথা সরকার পক্ষে পরিচালনার জন্য মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


21.01.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), চকপাড়া ওহাবুল উলুম আলিম মাদরাসা, ডাকঘর- মোকামতলা, শিবগঞ্জ, বগুড়া।

নং- বামাশিবো/প্রশা/ বগুড়া-৪৫/ ৪১৫

তারিখঃ ২১/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, বগুড়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
৩. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবগঞ্জ, বগুড়া।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪